গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ
tahirpur.sunamganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০১০.২৪.২২

তারিখ ঃ ১২ জানুয়ারি ২০২৫

নৌকাঘাট ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাহিরপুর উপজেলাধীন নিম্নবর্ণিত নৌকাঘাটসমূহ ১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরম ও সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী tahirpur.sunamganj.gov.bd ওয়েবসাইট ও অফিস চালাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি ঃ

দরপত্রের পর্যায় নং	দরপত্র ক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ (বেলা- ১.০০ ঘটিকা)	দরপত্র খোলার তারিখ (বিকাল-৩.০০ ঘটিকা)
১ম	০৫.০২.২০২৫ খ্রি.	০৬.০২.২০২৫ খ্রি.	০৬.০২.২০২৫ খ্রি.
২য়	২৩.০২.২০২৫ খ্রি.	২৪.০৩.২০২৫ খ্রি.	২৪.০২.২০২৫ খ্রি.
৩য়	১২.০৩.২০২৫ খ্রি.	১৩.০৩.২০২৫ খ্রি.	১৩.০৩.২০২৫ খ্রি.
৪র্থ	০৯.০৪.২০২৫ খ্রি.	১০.০৪.২০২৫ খ্রি.	১০.০৪.২০২৫ খ্রি.

-ঃ ইজারাযোগ্য নৌকাঘাটের তালিকা ঃ-

ক্র. নং	নৌকাঘাটের নাম	অধিভূক্ত ইউনিয়নের নাম	সরকারি কাঙ্খিত ইজারামূল্য	দরপত্র ফরম (সিডিউল) মূল্য	মন্তব্য
০১	তাহিরপুর সুলেমানপুর নৌকাঘাট	তাহিরপুর সদর	১৩,৪৪,২০০/-	৩,৪০০/-	
০২	শ্রীপুর বাজার নৌকাঘাট	শ্রীপুর উত্তর	৪১,০৪,৩৫৫/-	৯,০০০/-	মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন ২৮৭৭/২৩ এবং ৫৮৯৫/২৩ মামলায় স্থিতাবস্থা রয়েছে
০৩	ডাম্পের বাজার নৌকাঘাট	শ্রীপুর উত্তর	১১,১৬,৯৬৫/-	৩,০০০/-	
০৪	ঘাগড়া হতে লাউড়ের গড় পর্যন্ত যাদুকাটা নদীর উভয় পাশে কার্গো/দেশীয় নৌকা বালু পাথর ও অন্যান্য সকল মালামাল উঠানামা সংক্রান্ত ঘাট।	বাদাঘাট	৪৬,৮৩,২৫০/-	১০,০০০/-	
০৫	বাদাঘাট বাজার নৌকাঘাট	বাদাঘাট	৭৮,১০০/-	৫০০/-	
০৬	পাতারগাঁও নৌকাঘাট	বাদাঘাট	২৬,২৭৫/-	৫০০/-	
০৭	ফাজিলপুর নৌকাঘাট	বালিজুরী	৩,০৯,১০,০০০/-	৬২,৬০০/-	

ঃ দরপত্র দাখিলের শর্তাবলী ঃ-

১. দরপত্রের সাথে দরপত্রের উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ এর অনুকূলে দাখিল করতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারার মেয়াদ শেষে জামানতের অর্থ ফেরৎ প্রদান করা হবে।

২. দরপত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, সুনামগঞ্জ, উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয়, সুনামগঞ্জ, সোনালী ব্যাংক লি. তাহিরপুর শাখা, অফিসার ইনচার্জ, তাহিরপুর থানা, হতে নির্ধারিত (অফেরত যোগ্য) মূল্যে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) ক্রয় করা যাবে।

৩. সীলমোহরযুক্ত দরপত্র নির্ধারিত তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, সুনামগঞ্জ, উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, সুনামগঞ্জ, পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ এবং জেলা প্রশাসকের কার্যালয় সুনামগঞ্জ এর স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৪. যে তারিখ দরপত্র ক্রয় করা হবে তৎপরবর্তী দরপত্র দাখিলের তারিখে তা দাখিল করতে হবে। অন্যথায় উক্ত দরপত্র অকার্যকর ও বাতিল বলে গন্য হবে।

৫. দাখিলকৃত ইজারা মূল্য কাঙ্খিত সরকারী ইজারা মূল্যের চেয়ে বেশী হতে হবে।

৬. দাখিলকৃত একাধিক দরপত্রে প্রদর্শিত মূল্য সমান হলে কর্তৃপক্ষ লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৭. দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে অনুমোদনের ৭(সাত) দিনের মধ্যে দরপত্রদাতা অবশিষ্ট সমুদয় টাকা পরিশোধ করবেন। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে প্রদেয় ব্যাংক ড্রাফট এর অর্থ বাজেয়াপ্ত করা হবে।

৮. অনুমোদিত দরদাতাকে প্রস্তাবিত মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% অর্থ আয়কর ও ১৫% অর্থ ভ্যাট সহ অন্যান্য করাদি (দরপত্রে উল্লিখিত দরের অতিরিক্ত) প্রদান করতে হবে নতুবা ইজারা বাতিল বলে গণ্য হবে।

৯. ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত নৌকাঘাট অন্যের নিকট সাবলীজ (উপপত্তন) দিতে পারবেন না।যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তি পত্রের কোন শর্ত লংঘন করা হয় তবে ইজারা বাতিলসহ তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. দরপত্র দাখিলের পর তা গৃহীত হলে এবং সম্পূর্ণ টাকা পরিশোধের পর যথাযথ ভাবে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিসিয়াল ষ্টাম্পে চুক্তিপত্র সম্পাদনের পর দখল প্রদান করা হবে। ইজারাদারকে নিজ দায়িত্বে ও নিজ ব্যয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে চুক্তিপত্র সম্পাদন ও দখলনামা গ্রহণ করতে হবে। ইজারাদারের গাফিলতির কারণে দখল প্রদানে বিলম্ব হলে সেজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১১. সরকার কর্তৃক নির্ধারিত হারে টোল আদায় করতে হবে।

১২. ইজারা গ্রহীতাকে নৌকাঘাটের বাস্তব অবস্থা ও ইজারার শর্তাবলী সম্পর্কে অবহিত হয়ে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩. অসম্পূর্ণ/অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/কাটাকাটি ও ফ্লুইড ব্যবহৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪. বর্ণিত মহালের উপর বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

১৫. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ

স্মারক নং- ০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০১০.২৪- ২২(১০০) তারিখ ঃ ১২ জানুয়ারি ২০২৫

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে-

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসটি), সুনামগঞ্জ।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল), সুনামগঞ্জ।
৮. সহকারী কমিশনার (ভূমি), তাহিরপুর, সুনামগঞ্জ
৯. উপজেলা ....কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
১০. সহকারী প্রোগ্রামার, তাহিরপুর, সুনামগঞ্জ। বিজ্ঞপ্তিটি অদ্যই উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য বলা হলো।
১১. চেয়ারম্যান.. (সকল) ইউপি, তাহিরপুর, সুনামগঞ্জ।
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তাহিরপুর সদর/ডিহিভাটি ইউনিয়ন ভূমি অফিস, তাহিরপুর। তাঁর অধিক্ষেত্রের হাট বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩. সম্পাদক, দৈনিক .... । বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিন (৪″x ১০″ আকারে) তাঁর পত্রিকায় ছাপিয়ে ০৩ (তিন) কপি পত্রিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৪. নোটিশ বোর্ড, অত্রাফিস।

উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ